

🔳 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصيَص

আয়াতঃ ২৮:৩০

💵 আরবি মূল আয়াত:

فَلَمَّا اَتْنَهَا نُودِىَ مِن شَاطِى الوَادِ الآيمَنِ فِي البُقعَةِ المُبْرَكَةِ مِنَ الشَّجَرَةِ اَن يُمُوسِي إِنِّي اَنَا اللهُ رَبُّ العلمِينَ ﴿٣٠﴾

অতঃপর যখন মূসা আগুনের নিকট আসল, তখন উপত্যকার ডান পার্শে পবিত্র ভূমিতে অবস্থিত বৃক্ষ থেকে তাকে আহবান করে বলা হলো, 'হে মূসা, নিশ্চয় আমিই আল্লাহ, সৃষ্টিকুলের রব'। — আল-বায়ান

মূসা যখন আগুনের কাছে পৌঁছল তখন পবিত্র ভূমিতে অবস্থিত উপত্যকার ডান দিকে বৃক্ষ থেকে তাকে আহবান দিয়ে বলা হল- 'হে মূসা! আমিই আল্লাহ, জগতসমূহের পালনকর্তা।' — তাইসিরুল

যখন মূসা আগুনের নিকট পোঁছল তখন উপত্যকার দক্ষিণ পাশে পবিত্র ভূমিস্থিত এক বৃক্ষ হতে তাকে আহবান করে বলা হলঃ হে মূসা! আমিই আল্লাহ, জগতসমূহের রাব্ব। — মুজিবুর রহমান

But when he came to it, he was called from the right side of the valley in a blessed spot - from the tree, "O Moses, indeed I am Allah, Lord of the worlds." — Sahih International

৩০. অতঃপর যখন মূসা আগুনের কাছে পৌছলেন তখন উপত্যকার ডান পাশে(১) বরকতময়(২) ভূমির উপর অবস্থিত সুনির্দিষ্ট গাছের দিক থেকে তাকে ডেকে বলা হল, হে মূসা! আমিই আল্লাহ, সৃষ্টিকুলের রব(৩);

- (১) অর্থাৎ মূসার ডান হাতের দিকে যে কিনারা ছিল সেই কিনারা বা পাশ থেকে। [কুরতুবী]
- (২) সুরা মারইয়ামের ৩**১** নং আয়াতের ব্যাখ্যায় বরকত সংক্রান্ত আলোচনা করা হয়েছে।
- (৩) এ আয়াত সংক্রান্ত ব্যাখ্যা সূরা আন-নামলের ৯ নং আয়াতের ব্যাখ্যায় গত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

- (৩০) যখন মূসা আগুনের নিকট পৌঁছল, তখন উপত্যকার ডান পাশে পবিত্র ভূমির এক বৃক্ষ হতে[1] তাকে আহবান করে বলা হল, 'হে মূসা! নিশ্চয় আমিই আল্লাহ, বিশ্বজগতের প্রতিপালক। [2]
 - [1] অর্থাৎ, আওয়াজ উপত্যকার এক প্রান্ত থেকে এল; যা পশ্চিম দিক হতে পাহাড়ের ডান দিক ছিল। এখানে গাছ



হতে আগুনের শিখা বের হচ্ছিল, যা আসলে মহান আল্লাহর নূর (জ্যোতি) ছিল।
[2] অর্থাৎ, হে মূসা! এখন তোমার সঙ্গে যে কথা বলছে সে, আমিই আল্লাহ বিশ্বজগতের প্রতিপালক।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3282

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন